

বিষয়ঃ ভূমি মন্ত্রণালয়ের উপকূলীয় ও চরভূমি পুনরুদ্ধার, সংরক্ষণ ও উন্নয়ন পরিদপ্তর গঠন।

তারিখ : ২৮/০১/২০১৮খ্রি.

সময় : বেলা ১২ :০০ ঘটিকা

স্থান : ভূমি মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভাপতি : জনাব মোঃ আব্দুল জলিল, সচিব, ভূমি মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত আছে।

সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। ভূমি মন্ত্রণালয়ের উপকূলীয় ও চরভূমি পুনরুদ্ধার, সংরক্ষণ ও উন্নয়ন পরিদপ্তর গঠনের বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) আলোচনার সূত্রপাত করেন। সভার সভাপতি এবং ভূমি মন্ত্রণালয়ের সচিব মহোদয় উপকূলীয় ও চরভূমি পুনরুদ্ধার, সংরক্ষণ ও উন্নয়ন বিষয়ে ফলপ্রসূ কার্যক্রম গ্রহণের জন্য একটি পরিদপ্তর গঠনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত পরিদপ্তরে উপকূলীয় ও চরভূমি পুনরুদ্ধার, সংরক্ষণ ও উন্নয়নের জন্য কি ধরনের যোগ্যতাসম্পন্ন জনবল থাকা প্রয়োজন সে বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের মতামত আহ্বান করেন।

০২। সভায় উপস্থিত সদস্যগণ জানান যে, উপকূলীয় ও চরভূমি পুনরুদ্ধার, সংরক্ষণ ও উন্নয়নের জন্য হাইড্রোলজি, কোস্টাল মরফোলজি এবং জিআইএস ও রিমোট সেন্সিং জ্ঞানসম্পন্ন লোকবলের প্রয়োজন হবে। এ ধরনের পরিদপ্তরের জনবল সরকারি আবাসন পরিদপ্তর অথবা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের লোকবলের অনুকরণে নির্ধারণ করা যেতে পারে মর্মেও সভায় সকলে মত পোষণ করেন।

০৩। সিদ্ধান্তঃ

অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং উপসচিব (প্রশাসন) দ্রুততম সময়ের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন উপকূলীয় ও চরভূমি পুনরুদ্ধার, সংরক্ষণ ও উন্নয়ন পরিদপ্তর গঠনের নিমিত্ত সাংগঠনিক কাঠামো তৈরি করবেন এবং পরিদপ্তর গঠনে কি কি পদক্ষেপ গ্রহণ প্রয়োজন সে বিষয়ে পূর্নাঙ্গ প্রস্তাব ও সুপারিশ প্রণয়ন করবেন।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

(মোঃ আব্দুল জলিল)

সচিব


ভূমি মন্ত্রণালয়

নং-৩১.০০.০০০০.০৩৫.১৯.০২.১২(অংশ)-১৭৩/১(৫০)

তারিখঃ ৩১/০১/২০১৮খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ০৪। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ০৫। যুগ্ম-সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ০৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ নীলক্ষেত বাবুপুরা, ঢাকা।
- ০৭। প্রকল্প পরিচালক (ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রকল্প), ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
- ০৮। জনাব আ.জ.ম. জাহেদুল ইসলাম, সদস্য, স্পার্সো।
- ০৯। জনাব মোঃ মাহবুবুর রহমান, ম্যানেজার, জিআইএস ও রিমোট সেন্সিং, এসিআই এগ্রিবিজনেস।
- ১০। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ১১। উপসচিব..... (সকল)/ উপ-প্রধান, ভূমি মন্ত্রণালয়।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ১৩। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান(সকল), ভূমি মন্ত্রণালয়।
- ১৪। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
- ১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
- ১৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ভূমি মন্ত্রণালয়।


৩১/০১/১৮
(আফরোজা আক্তার)

সহকারী সচিব (প্র.-১)

ফোন-৯৫৪৬১০৪